# অ্যানেস্থেটিক্স – ঝুঁকি ও পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

# দাঁত, ঠোঁট ও জিহ্বার ক্ষতি

## এই লিফলেট সম্পর্কে

জেনারেল অ্যানেস্থেটিক দেওয়া হলে **আপনার দাঁত, ঠোঁট ও জিহ্বার সম্ভাব্য ক্ষতি** সম্পর্কে এই লিফলেটে আলোচনা করা হয়েছে। এটি ব্যাখ্যা করে যে এই ক্ষতি কীভাবে ঘটতে পারে এবং এই ক্ষেত্রে কী করা যেতে পারে।

জেনারেল অ্যানেস্থেটিক হলো এমন ওষুধ যা গভীর ঘুমের মতো অবস্থায় নিয়ে যায়। কিছু অপারেশন ও চিকিৎসার জন্য এটি আবশ্যিক। জেনারেল অ্যানেস্থেটিকের সময় আপনি অচেতন থাকেন এবং কিছুই অনুভব করেন না।

আপনি আমাদের ওয়েবসাইটে বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিক সম্পর্কে পড়তে পারবেন, যা বিভিন্ন ভাষায় পাওয়া যাচ্ছে : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages।

## অ্যানেস্থেটিক দেওয়ার সময় দাঁত, ঠোঁট ও জিহ্বার ক্ষতি সম্পর্কে

অ্যানেস্থেটিক দেওয়ার পরে অনেক সময় আপনার মুখ ও ঠোঁটে ছোটোখাটো কাটা বা কালশিটে দেখা যেতে পারে। এগুলো সাধারণত কয়েক দিনের মধ্যে সেরে যায়।

জেনারেল অ্যানেস্থেটিকের সময় দাঁত ভেঙে যেতে পারে, আলগা হয়ে যেতে পারে অথবা কিছু ক্ষেত্রে দুর্ঘটনাক্রমে পড়েও যেতে পারে।

জেনারেল অ্যানেস্থেটিকের সময় আপনার শরীরের পেশীগুলো শিথিল হয়ে যায়, যার মধ্যে আপনার গলা ও বুকের চারপাশের পেশীগুলো অন্তর্ভুক্ত। এটি আপনার ফুসফুসে প্রবেশকারী বাতাসের পরিমাণ কমাতে পারে।

আপনার ফুসফুসে অক্সিজেনের নিরবচ্ছিন্ন প্রবাহ নিশ্চিতে অ্যানেস্থেটিস্ট আপনার শ্বাসনালী খোলা রাখার জন্য আপনার গলায় একটি শ্বাস-প্রশ্বাসের নল স্থাপন করতে পারেন। সাধারণত আপনি অচেতন হওয়ার পর তিনি এটি করেন।


আপনি অচেতন থাকাকালীন আপনার অ্যানেস্থেটিস্ট যেসব টিউব বা মাস্ক ব্যবহার করেন, সেগুলো দুর্ঘটনাক্রমে আপনার দাঁত, ঠোঁট ও জিহ্বার ক্ষতি করতে পারে। অ্যানেস্থেটিক চলাকালীন আপনাকে নিরাপদ রাখার জন্য এই সরঞ্জাম অত্যাবশ্যক।

অ্যানেস্থেসিয়ার সময় আপনার শ্বাসপথ এবং শ্বাসক্রিয়া সম্পর্কে বিভিন্ন ভাষায় আরও তথ্য পেতে আমাদের ওয়েবসাইট দেখুন : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages।

## এটি হওয়ার সম্ভাবনা কতটা?

### ঠোঁট ও জিহ্বায় ছোটোখাটো কাটা বা ক্ষত

**প্রতি ১০০ জনের মধ্যে**



**১-৫ জনের হয়েছে** **৯৫-৯৯ জনের হয়নি**

### দাঁতের ক্ষতির কারণে দন্তচিকিৎসকের প্রয়োজন হয়েছে

**প্রতি ১০,০০০ জনের মধ্যে**

| | |
|---|---|
| **৫ জনের হয়েছে** | **৯,৯৯৫ জনের হয়নি** |

যাদের দাঁত ক্ষতিগ্রস্ত হয়েছিল, তাদের মধ্যে অর্ধেকেরও বেশি রোগীর দাঁত ও মাড়ি সার্জারির আগে থেকেই খারাপ অবস্থায় ছিল।

সংখ্যাগুলো গবেষণা থেকে পাওয়া গিয়েছে। এসব সংখ্যা আমরা কোথা থেকে পেয়েছি জানতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/risks/evidence।

## কোনোকিছু কি এটি হওয়ার সম্ভাবনা বাড়িয়ে তোলে?

ক্ষতির সম্ভাবনা বেশি থাকে যদি আপনার :

- মুখ খুব বেশি খুলতে না পারেন অথবা ঘাড় সহজে নাড়াতে না পারেন। উদাহরণস্বরূপ, কয়েক ধরনের আর্থ্রাইটিসের কারণে জেনারেল অ্যানেস্থেটিকের সময় আপনার ঘাড় নাড়ানো বা মাথার অবস্থান নির্ধারণ করা কঠিন হয়ে পড়তে পারে
- ওপরের দাঁত অনেকটা বের হয়ে থাকে অথবা নিচের চোয়াল ছোটো
- জরুরি পরিস্থিতিতে জেনারেল অ্যানেস্থেটিকের প্রয়োজন হয়
- জেনারেল অ্যানেস্থেটিকসহ জরুরি সিজারিয়ান অপারেশন প্রয়োজন হয়
- স্থূলতা থাকে অথবা গলার চারপাশে অতিরিক্ত চর্বি থাকে
- মুখ, ঘাড়, চোয়াল বা খাদ্যনালীতে অপারেশন করার কথা থাকলে।

## কী এটি প্রতিরোধে সহায়তা করতে পারে

অপারেশনের আগে দাঁতের ক্ষতির ঝুঁকি কমাতে আপনি নিজে কিছু কাজ করতে পারেন।

যদি আপনার দাঁত নড়বড়ে থাকে অথবা মাড়িতে ব্যথা হয় অথবা ব্রাশ করার সময় রক্তপাত হয়, তাহলে অপারেশনের প্রয়োজন জানার সাথে সাথেই আপনার দাঁতের ডাক্তারের কাছে যান।

যেসব ব্যাপারে আপনার অ্যানেস্থেটিস্টকে জানাতে হবে :

- আপনার দাঁত নড়বড়ে থাকে অথবা দাঁত ও মাড়ির অন্য কোনো সমস্যা থাকলে
- আপনার কোনো অপসারণযোগ্য ব্রেস বা ইলাস্টিক ব্যান্ড থাকলে
- আপনার ইমপ্লান্ট, ক্রাউন, ব্রিজ, ভেনিয়ার বা নকল দাঁত থাকলে
- আপনার জিহ্বা বা ঠোঁটে পিয়ার্সিং থাকলে।

আপনার অ্যানেস্থেটিস্টকে অবশ্যই জানাবেন যদি আপনাকে অতীতে জেনারেল অ্যানেস্থেটিক দেওয়া হয়ে থাকে এবং :

- আপনাকে বলা হয়ে থাকে যে আপনার শ্বাসনালীতে টিউব লাগানো কঠিন
- আপনার দাঁতে কোনো ক্ষত বা আঘাত থাকলে।

কখনও কখনও আপনার অ্যানেস্থেটিস্ট আপনার মেডিকেল রেকর্ড পরীক্ষা করে কী কারণে সমস্যা হচ্ছে তা বুঝতে পারেন এবং পুনরায় ক্ষতি এড়াতে পারেন।

## যদি আমার দাঁত ক্ষতিগ্রস্ত হয়?

অপারেশনের সময় আপনার দাঁত ক্ষতিগ্রস্ত হয়েছে কি না তা আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে জানাবেন। কোনো দাঁত বের হয়ে আসলে তিনি আপনাকে সেটি ফেরত দেবেন। প্রয়োজন হলে তিনি আপনাকে ব্যথা উপশমকারী ওষুধ দেবেন এবং কী করতে হবে সে ব্যাপারে পরামর্শ দেবেন।

ক্ষতি পরীক্ষা ও মেরামত করার জন্য কিছু হাসপাতালে ডেন্টাল সার্জন থাকেন। যদি এই পরিষেবা না থাকে, তাহলে আপনি নিজের দন্তচিকিৎসকের কাছে যেতে পারেন এবং খরচ হওয়া অর্থ পরবর্তীতে হাসপাতাল থেকে দাবি করতে পারেন। সার্জারির সময় দাঁতের ক্ষতি সম্পর্কিত হাসপাতালের নীতিমালার বিষয়ে জানতে আপনার হাসপাতালের সাথে যোগাযোগ করুন এবং খরচকৃত অর্থ ফেরতের দাবি করার জন্য একটি ফর্ম চেয়ে নিন।

যদি আপনার অ্যানেস্থেটিস্টের আপনার গলায় টিউব ঢোকাতে সমস্যা হয় অথবা আপনার দাঁত ক্ষতিগ্রস্ত হয়, তাহলে যা ঘটেছে তার একটি লিখিত রেকর্ড চেয়ে নিন। ভবিষ্যতে আপনার আবারও অ্যানেস্থেটিকের প্রয়োজন হলে এটি জীবন রক্ষাকারী তথ্য হতে পারে।

দ্য ডিফিকাল্টি এয়ারওয়ে সোসাইটি একটি এয়ারওয়ে অ্যালার্ট কার্ড স্কিম পরিচালনা করে। আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে এই স্কিমের জন্য রেফার করতে পারেন। আপনি এই লিংকে আরও তথ্য পাবেন : https://das.uk.com/dar।

## দায় বর্জন বিবৃতি

এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার জন্য আমাদের যথাসাধ্য প্রচেষ্টা থাকলেও আমরা এর নিশ্চয়তা দিতে পারি না। আমরা আশা করি না যে এসব সাধারণ তথ্য আপনার সমস্ত প্রশ্নের উত্তর দেবে অথবা আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে এমন সকল কিছুর সমাধান করবে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসাবে ব্যবহার করে আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ ও উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসক দলের সাথে আলোচনা করুন। এই লিফলেটটি পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনো বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতিটি দেখতে অনুগ্রহ করে ভিজিট করুন : [www.rcoa.ac.uk/patient-information/translations/bengali]।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স-এর অনুবাদক কমিউনিটি দ্বারা সরবরাহ করা হয়। এই অনুবাদগুলোর মান পরীক্ষা করা হয় যাতে করে এগুলো যথাসম্ভব নির্ভুল হয়, তবে তারপরেও কিছু ভুল তথ্য ও তথ্যের ভুল ব্যাখ্যার ঝুঁকি থেকে যায়।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :
patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

## www.rcoa.ac.uk

ষষ্ঠ সংস্করণ, নভেম্বর ২০২৪
এই প্রচারপত্র প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2024 Royal College of Anaesthetists**
রোগীদের জন্য তথ্য সংবলিত উপাদান তৈরি করতে এই প্রচারপত্রটির প্রতিলিপি তৈরি করা যেতে পারে। অনুগ্রহ করে এই মূল উৎসটি উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান, তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং, ছবি ও আইকনগুলো সরিয়ে নিতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।